13

তারিখ 20 NOV 1993
পৃষ্ঠা ৬ কলাম ৪

আজকের কাগজ

## সারসায় গণশিক্ষা কর্মসূচিতে লোক নিয়োগে দুর্নীতির অভিযোগ

সরকার পরিচালিত সমন্বিত উপানুষ্ঠানিক গণশিক্ষা কার্যক্রম বিস্তার লক্ষ্যে সারসার নিজামপুর, লক্ষণপুর ইউনিয়নের শিক্ষক ও সুপারভাইজার পদে লোক নিয়োগের ক্ষেত্রে ঘাপলা ও দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। জানা গেছে, উক্ত নিয়োগ পরীক্ষায় উচ্চ শিক্ষিত অনেক আবেদনকারী পরীক্ষায় ভাল ফল লাভে সমর্থ হয়েও নিয়োগ থেকে বাদ পড়েছেন। নিয়োগ পরীক্ষায় অর্ধ শিক্ষিত কোনো আবেদনকারী উত্তীর্ণ না হলেও উক্ত কর্মকর্তারা উৎকোচ নিয়ে অনেকের চাকরিতে নিয়োগ দিয়েছেন বলে ভুক্তভোগী আবেদনকারিরা জানিয়েছেন। ব্যাপারটি এলাকায় দারুণ প্রতিক্রিয়ার সৃষ্টি করেছে। এ ব্যাপারে নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণকারী মেধা তালিকায় উত্তীর্ণ ব্যক্তিরা উক্ত কর্মকর্তার বিরুদ্ধে তদন্ত সাপেক্ষে ব্যবস্থা গ্রহণ করার জন্য সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করেছেন। ঝিকরগাছা থেকে গোলাম মোর্তজা মনি।